

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
www.dme.gov.bd  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী  
রোড, ঢাকা-১০০০।



জরুরি

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০২.০০১.২০.৩

তারিখ: ২৯ চৈত্র ১৪২৬

১২ এপ্রিল ২০২০

বিষয়: করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে অসহায় মানুষকে সহায়তা প্রদানের জন্য আর্থিক অনুদান হিসেবে এক (০১) দিনের বেতন প্রদান সংক্রান্ত।

সূত্র: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২০.৩৫০ তারিখ: ০৯.০৪.২০২০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস প্রাদুর্ভাবের কারণে অসহায় মানুষকে সহায়তা প্রদানের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সকল কর্মকর্তা-কর্মচারী ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা-কর্মচারীদের ও সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের এক (০১) দিনের বেতন আর্থিক সহায়তা হিসেবে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

০২. এমতাবস্থায় মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সকল কর্মকর্তা এবং এর আওতাধীন বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই), সকল সরকারি ও বেসরকারি (এমপিওভুক্ত) মাদ্রাসার সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদেরকে আর্থিক অনুদান হিসেবে তাঁদের এক(০১) দিনের বেতন নিম্নের ব্যাংক হিসাবে আগামী ১৫.০৪.২০২০খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

ঢাকা জমা দেয়ার হিসাবের নাম:

মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
হিসাব নং- ০৫৪ ৭০২০০০১৬০৮  
রূপালী ব্যাংক লিমিটেড  
মগবাজার শাখা, ঢাকা।

১২-৪-২০২০

সফিউদ্দিন আহমদ

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

বিতরণ :

- ১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাবৃন্দ
- ২) অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট
- ৩) অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/সিলেট

সরকারি আলিয়া মাদ্রাসা/ সরকারি মুস্তাফাবিয়া  
আলিয়া মাদ্রাসা, বগুড়া।  
৪) অধ্যক্ষ/সুপার, সকল এমপিওভুক্ত মাদ্রাসা

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.০২.০০১.২০.৩/১

তারিখ: ২৯ চৈত্র ১৪২৬  
১২ এপ্রিল ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) সকল জেলা শিক্ষা কর্মকর্তা, বাংলাদেশ (তঁর অধিক্ষেত্রাধীন মাদ্রাসাসমূহের  
অধ্যক্ষ/সুপারগণকে বিষয়টি অবহিত করণের অনুরোধসহ)
- ৩) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার , সকল (তঁর অধিক্ষেত্রাধীন মাদ্রাসাসমূহের  
অধ্যক্ষ/সুপারগণকে বিষয়টি অবহিত করণের অনুরোধসহ)

১২-৪-২০২০

সফিউদ্দিন আহমদ  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)